

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৭৫১

পর্ব-১৮: প্রশাসন ও বিচারকার্য (الإمارة والقضاء)

পরিচ্ছেদঃ ৩. দ্বিতীয় অনুচ্ছেদ - বিচারকদের (সহকর্মীদের) বেতন ও হাদিয়া গ্রহণ করা

আরবী

وَعَنِ الْمُسْتَوْرِدِ بْنِ شَدَّادٍ قَالَ: سَمِعْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «مَنْ كَانَ لَنَا عَامِلاً فَلِيَكُنْ تَسِيبُ زَوْجَةً فَإِنْ لَمْ يَكُنْ لَهُ خَادِمٌ فَلِيَكُنْ تَسِيبُ خَادِمًا فَإِنْ لَمْ يَكُنْ لَهُ مَسْكَنٌ فَلِيَكُنْ تَسِيبُ مَسْكَنًا». وَفِي رِوَايَةٍ: «مَنِ اتَّخَذَ غَيْرَ ذِلِّكَ فَهُوَ غَالٌ». رَوَاهُ أَبُو دَاؤْدَ

বাংলা

৩৭৫১-[৭] মুসতাওরিদ ইবনু শান্দাদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ যে ব্যক্তি আমাদের শাসনকার্যে নিযুক্ত হবে, তার যদি স্ত্রী না থাকে তবে সে একজন স্ত্রীর ব্যবস্থা করতে পারে। আর যদি তার খাদিম না থাকে, তাহলে একজন খাদিম রাখতে পারে। আর যদি তার কোনো ঘর না থাকে, তাহলে একটি ঘরেরও ব্যবস্থা করতে পারে। অপর এক বর্ণনাতে আছে, সে যদি তা ছাড়া অন্য কিছু গ্রহণ করে, তবে তা খিয়ানাত হবে। (আবু দাউদ)[1]

ফুটনোট

[1] সহাহ : আবু দাউদ ২৯৪৫, মুসতাদরাক লিল হাকিম ১৪৭৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা: মুসতাওরিদ ইবনু শান্দাদ বলেনঃ আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, তিনি বলেন, কেউ ইসলামী রাষ্ট্রের সচিব বা কর্মকর্তা নিযুক্ত হলে যদি স্ত্রীর ভরণ-পোষণ না করতে পারে তাহলে রাষ্ট্র থেকে নিতে পারবে। মুয়াহির বলেন, হাদীসে বর্ণিত “স্ত্রী না থাকলে স্ত্রী গ্রহণ করবে” এর অর্থ হলো যদি বিবাহ করার মোহর না থাকে তাহলে মোহর রাষ্ট্রের থেকে নিতে পারবে। অনুরূপভাবে ন্যায়সঙ্গতভাবে স্ত্রীর ভরণ-পোষণ নিতে পারবে তবে অন্যায়ভাবে বা অতিরিক্ত কিছু গ্রহণ করলে তা হারাম সাব্যস্ত হবে। অনুরূপভাবে যদি খাদিমের প্রয়োজন হয় তা নিতে পারবে যদি বাড়ী না থাকে বাড়ী নিতে পারবে। এসবগুলোই নিতে পারবে ন্যায়সঙ্গতভাবে অন্যায়ভাবে একটি পয়সাও নিতে পারবে না। (আওনুল মা'বুদ ৫ম খন্দ, হাঃ ২৯৪৩; মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: **সহিহ (Sahih)** পুঁজিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ মুসতাওরিদ ইবনু শান্দাদ (রা.)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=69078>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন